"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও সাশ্রয়ী অভিবাসন নিশ্চিত করে" ISO 9001 : 2015
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়েমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত - ১৯৮৪

# সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস-এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০১.০০১.২০/ ২৯৭৫ তারিখ: ১৫.০৯.২০২৫

**বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের HI-TECH TEXTILE L.L.C.-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :**

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক বেতন | আবেদনের লিংক |
|---|---|---|---|---|
| ০১. | Machine Operator **(মেশিন অপারেটর)** | ৫০ জন মহিলা | ১৮৩.৬২ ইউ.এস.ডলার | অনলাইন আবেদনের লিংক:- **https://brms.boesl.gov.bd/** (অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও চার্জ পরিশোধ করতে হবে) |
| ০২ | Checker **(চেকার)** | ১০ জন মহিলা | | |

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে।

**চাকরির শর্তাবলি:**

(১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম।
(২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর।
(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া (৩ বছরের চুক্তি সম্পন্ন করার পর) নিয়োগকর্তা বহন করবে।
(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
(৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ওঅন্যান্য খরচ:**

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হি:গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিঙ্গার প্রিন্ট ফি ২২০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা),
(২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ সেট রঙিন ফটোকপি,
(৩) বর্তমানে অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড, কর্মস্থলের অভিজ্ঞতার সনদ, শিক্ষাগত সনদ, ভোটার আইডি কার্ডের কপি,

উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আবেদনকৃত আগ্রহী প্রার্থীদের আগামী ১৯.০৯.২০২৫ তারিখ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র**, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে **(ইতোমধ্যে যারা জর্ডান ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই)।**

**চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না।**
**সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়**

১৫/৯/২০২৫
মোসা. তানিয়া হক
সহকারী ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা

১৫/০৯/২৫
এস. এম. শফি কামাল
সিএস (উপসচিব)

অফিস ঠিকানা :
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর :
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd